# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 24 April, 2025

মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামাল কর্তৃক দৈনিক আমার দেশ এর সম্পাদক মাহমুদুর রহমানের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদে জামালপুরের বকশীগঞ্জে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বেলা ১১ টায় উপজেলা প্রেসক্লাবের সহযোগিতায় এবং দৈনিক আমার দেশ পাঠক মেলার আয়োজনে উপজেলা পরিষদের সামনে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপজেলা প্রেসক্লাবের গণমাধ্যম কর্মী সহ অন্যান্য গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

দৈনিক আমার দেশ এর বকশীগঞ্জ প্রতিনিধি রকিবুল হাসান বিদ্রোহীর সঞ্চালনায় মানববন্ধনে এসময় বক্তব্য রাখেন উপজেলা প্রেসক্লাব এর সভাপতি হেদায়েত উল্লাহ, সাধারণ সম্পাদক জিএম ফাতিউল হাফিজ বাবু, বকশীগঞ্জ মডেল প্রেসক্লাবের সভাপতি এমদাদুল হক লালন, উপজেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান লিমন, উপজেলা বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক আবদুল হামিদ, গণঅধিকার পরিষদের আহবায়ক শাহরিয়ার আহমেদ সুমন, জেলা ছাত্র অধিকার পরিষদের সাধারণ সম্পাদক সাদ আহাম্মেদ রাজু।

মানববন্ধনে বক্তারা বলেন, মাহমুদুর রহমানের বিরুদ্ধে মামলা দায়ের করে শিল্পপতি মোস্তফা কামাল আবারও স্বাধীন সাংবাদিকতার কণ্ঠ রোধ করতে চায়।সত্য প্রকাশে হুমকি দিতেই ও দুর্নীতির তথ্য প্রকাশ করায় ওই মিথ্যা মামলা দায়ের করা হয়েছে।

তাই দায়েরকৃত মামলা প্রত্যাহার সহ মানববন্ধন থেকে মামলাবাজ মেঘনা গ্রুপের মালিক মোস্তফা কামালকে গ্রেপ্তারের দাবি জানানো হয়।

দৈনিক আমার দেশ মামলা মানববন্ধন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:23

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/1381775807